গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

**নৈতিকতা কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের তৃতীয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার<br>সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| তারিখ | : | ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ |
| সময় | : | বেলা ১১:৩০ মিনিট |
| স্থান | : | অনলাইন সিস্টেম। |
| উপস্থিত সদস্য | : | রেকর্ডেড। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রারম্ভিক আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন প্রতিষ্ঠানের জনবলের নৈতিক উন্নয়ন ও আচরণগত ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে সেবার মান বৃদ্ধি করার প্রয়াসে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরও বলেন নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুসারে সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ; পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন; কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ; সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরনের নির্দেশনা রয়েছে। উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব নৈতিকতা কমিটির বিগত ১১/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের বিভিন্ন দিক নির্দেশনা সভায় উপস্থাপন করেন।

০২। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি, সুশীল সমাজ এবং সাংবাদিকদের নিয়ে অংশীজনের অংশগ্রহণে ৩য় সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণের ৩য় সভা আয়োজন করা যেতে পারে। এ বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থাকেও অনুরূপ সভা আয়োজন করতে হবে।

০৩। তিনি সভাকে অবহিত করেন নৈতিকতা কমিটির কার্যপরিধি এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি/উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বিদেশ ভ্রমনে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুত করার বিষয়ে গত নৈতিকতা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে এ বিভাগের আইসিটি শাখা হতে প্রোগ্রামার জানিয়েছেন বর্তমানে মাইক্রোসফট এক্সেস ব্যবহার করে বর্ণিত কার্যক্রম চলমান আছে। সভায় এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতের লক্ষ্যে পৃথক সফটওয়্যার প্রস্তুতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। উপসচিব (প্রশাসন-৩), মন্ত্রিপরিষদ বিভাগে গত ২৩/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় প্রদত্ত নির্দেশনার আলোকে সভাকে অবহিত করেন, এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার ৩.২, ৩.৩ ও ৩.৪ এর সূচকসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইতোমধ্যে পরিবর্তন হওয়ায় নতুন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে আলোকে সূচক ৩.২ এবং ৩.৩ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে এ বিভাগের যুগ্মসচিব (অপারেশন-২) এবং সূচক ৩.৩ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম পরিবীক্ষণের জন্য যুগ্মসচিব (অপারেশন ১) কে নির্ধারণ করা হয়েছে এবং নতুন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ'কে বিষয়টি অবহিত করা হয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদ্বয়কে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

চলমানপাতা-২

০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ শুদ্ধাচার সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। তবে, আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ হতে শুদ্ধাচার পরিপন্থী কোন কাজ থাকলে তার তালিকা চাওয়া যেতে পারে, যার ক্ষেত্রে নৈতিকতা কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে সমাধানের উপায় হিসেবে সিদ্ধান্ত নেয়া যাবে। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন, এ বিভাগের আওতাধীন ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ইতোমধ্যে শুদ্ধাচার পরিপন্থি কাজের একটি তালিকা এ বিভাগে প্রেরণ করেছে, যার ক্ষেত্রে বর্তমানে প্রশাসন-২ অধিশাখা হতে সমাধানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে শুদ্ধাচার পরিপন্থি কাজের তালিকা (যদি থাকে) পুনরায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমের অংশ হিসেবে শিল্প ক্ষেত্রে গ্যাসের অপব্যবহার রোধকল্পে ১৫০টি ইভিসি মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ইতোমধ্যে পেট্রোবাংলা ২২৫টি ইভিসি মিটার স্থাপন সংক্রান্ত তথ্য এ বিভাগে প্রেরণ করেছে। তিনি কোম্পানি ভিত্তিক তালিকা করে ২২৫টি ইভিসি মিটার স্থাপনের তালিকা কোম্পানি ও পেট্রোবাংলার ফরওয়ার্ডিংসহ এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানান।

০৭। এ বিভাগের আওতাধীন পেট্রোবাংলার অধীনস্থ পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: ও সুন্দরবন গ্যাস ফিল্ডস লিমিটেড'কে অবৈধ গ্যাস সংযোগ মুক্ত কোম্পানি হিসেবে ঘোষনা করার সূচক নির্ধারিত রয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে বর্ণিত বিষয়ের অগ্রগতি এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৮। সভায় পিএসসি সভা আয়োজন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রতি কোয়ার্টারে ১৮টি করে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ১ম কোয়ার্টারে পিএসসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা যথাযথ ভাবে বাস্তবায়ন করা সম্ভব হলেও ২য় কোয়ার্টারে তা যথাযথ হয়নি। ৩য় ও ৪র্থ কোয়ার্টারে পিএসসি সভা আয়োজনের বিষয়টি গুরুত্ব সহকারে তদারকির জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া, প্রকল্পের যানবাহন ও আসবাবপত্র প্রকল্প শেষে যথাযথ প্রক্রিয়ায় হস্তান্তরের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যানবাহন ও আসবাবপত্র হস্তান্তরের তথ্য এ বিভাগের প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে অংশীজনের সভা আয়োজন করতে হবে। আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিও অনুরূপ সভা আয়োজন করবে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। | |
| ২। | আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে বিদেশ ভ্রমনে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করবে। | আইসিটি ও বাজেট অধিশাখা | |
| ৩। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ শুদ্ধাচার পরিপন্থী কাজের তালিকা (যদি থাকে) আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। | |
| ৪। | ২০২২-২৩ অর্থবছরে শিল্প ক্ষেত্রে স্থাপিত ২২৫টি ইভিসি মিটার স্থাপনের তথ্য কোম্পানিওয়াইজ (কোম্পানি ও পেট্রোবাংলার ফরওয়ার্ডিংসহ) এ বিভাগে প্রেরণ করতে হবে। | পেট্রোবাংলা। | |
| ৫। | পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: ও সুন্দরবন গ্যাস ফিল্ডস লিমিটেড'কে অবৈধ গ্যাস সংযোগ মুক্ত কোম্পানি ঘোষনা করার লক্ষ্যে গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | পেট্রোবাংলা ও পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড | |

| | | | |
|---|---|---|---|
| ৬। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে ৩য় ও ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি সভা আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) | |
| ৭। | শিল্প ক্ষেত্রে গ্যাসের অপব্যবহার রোধকল্পে ইভিসি মিটার স্থাপনের বিষয়টি যুগ্মসচিব (অপারেশন-২) তদারকি করবেন এবং প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করবেন। | যুগ্মসচিব (অপারেশন-২) | |
| ৮। | পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লি: উক্ত কোম্পানির আওতাধীন এলাকায় অবৈধ গ্যাস সংযোগ মুক্তকরণ সংক্রান্ত বিষয়ে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগে প্রেরণ করবে এবং বিষয়টি যুগ্মসচিব (অপারেশন-২) তদারকি করবেন। | যুগ্মসচিব (অপারেশন-২) এবং পশ্চিমাঞ্চল গ্যাস কো: লি: এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লি: | |
| ৯। | জ্বালানি তেলের ভেজাল রোধকল্পে ৫টি পেট্রোল পাম্পের পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদন সংক্রান্ত বিষয়টি যুগ্মসচিব (অপারেশন-১) তদারকি করবেন এবং প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করবেন। | যুগ্মসচিব (অপারেশন-১) | |

১০। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/৩/২০২৩

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ